

8922

B.A. 4th Semester (General) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : SEC-2

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- (ক) ব্যবহারিক পত্র বলতে কী বোঝো?
 (খ) হলুদ সাংবাদিকতা কী?
 (গ) প্রতিবেদন-এর দুটি বৈশিষ্ট্য লেখো।
 (ঘ) 'সফট নিউজ' কী?
 (ঙ) সংবাদপত্রে 'ক্যাপশন' বলতে কী বোঝো?
 (চ) ভাবসম্প্রসারণ কী?
 (ছ) 'অনুচ্ছেদ রচনা'র সংজ্ঞা দাও।
 (জ) ভাবার্থ বলতে কী বোঝো?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) প্রতিবেদন কী? সামাজিক প্রতিবেদন কাকে বলে? বিশেষ প্রতিবেদন বলতে কী বোঝো? ২+১+২=৫
 (খ) শারীরিক অসুস্থতার কারণে মহাবিদ্যালয়ে দীর্ঘ অনুপস্থিতির উল্লেখ করে মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মহাশয়কে একটি পত্র লেখো। উক্ত পত্রে ক্রোড়পত্র হিসেবে কী তথ্য জমা দেওয়া উচিত বলে তোমার মনে হয়? ৪+১=৫
 (গ) যত্রতত্র মোবাইল ও হেডফোন ব্যবহারের কুফলের উল্লেখ করে নাতিদীর্ঘ অনুচ্ছেদ রচনা করো। ৫
 (ঘ) ভাবার্থ লেখার সময় কী কী বিষয়ের প্রতি গুরুত্ব দেওয়া দরকার? ৫

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) অনুচ্ছেদ রচনা করো (যে-কোনো একটি) :

১০

- (অ) পরিবেশ দূষণ।
 (আ) তোমার প্রিয় সাহিত্যিক।
 (ই) দৈনন্দিন জীবনে বিজ্ঞান।
 (ঈ) বাংলার উৎসব।

15147

Please Turn Over

(খ) প্রতিবেদনের শিরোনাম কেমন হওয়া উচিত, উদাহরণ দাও। এলাকার রাস্তাঘাটের দুরবস্থার কথা উল্লেখ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

২+৮=১০

(গ) অ্যাডমিট কার্ডে নামের বানান ভুল সংশোধন করার জন্য কলেজ অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ামক মহাশয়কে একটি পত্র লেখো। উক্তপত্রে ক্রোড়পত্র হিসেবে কী কী নথি সংযুক্ত করা যেতে পারে?

৮+২=১০

(ঘ) ভাবসম্প্রসারণ করো (যে-কোনো একটি) :

১০

(অ) “অন্যায় যে করে আর অন্যায় যে সহে,
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।”

অথবা,

(আ) “স্বার্থমগ্ন যে জন বিমুখ
বৃহৎ জগৎ হতে সে কখনও শেখেনি বাঁচিতে।”
